গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ

এবং

জেলা প্রশাসক, মৌলভীবাজার এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২০ - ৩০ জুন, ২০২১

## সূচিপত্র


| | |
|---|---|
| উপক্রমণিকা | ৩ |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪-৭ |
| সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ ,কার্যাবলি | ৮-৯ |
| সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ১০ |
| সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ১১-১৮ |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | ১৯-২০ |
| জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের মধ্যে চুক্তি স্বাক্ষর | ২১ |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ | ২২ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি | ২৩-২৪ |
| সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ২৫ |

## উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তরসমূহে প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ

এবং

জেলা প্রশাসক, মৌলভীবাজার

এর মধ্যে ২০২০ সালের জুলাই মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## কমলগঞ্জ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of Office of the Upazila Nirbarhi Officer)

মৌলভীবাজার জেলার অপরূপ সৌন্দর্যমন্ডিত একটি উপজেলা কমলগঞ্জ। কমলগঞ্জের আয়তন ৪৮৫.২৬ বর্গ কি.মি। ২৪°.০৮′ থেকে ২৪°.২৭′ উত্তর অক্ষাংশ এবং ৯১°.৪৬′ থেকে ৯১°.৫৬′ পূর্ব দ্রাঘিমাংশে অবস্থিত। এর উত্তরে রাজনগর উপজেলা, দক্ষিণে ভারতের ত্রিপুরা রাজ্য, পশ্চিমে শ্রীমঙ্গল ও মৌলভীবাজার সদর উপজেলা। এখানে হিন্দু, মুসলিম, বৌদ্ধ, খ্রিষ্টানসহ চা শ্রমিক, মনিপুরী বিষ্ণুপ্রিয়া, মণিপুরী মীতৈ, মণিপুরী পাঙাল, খাসিয়া, গারো, ত্রিপুরা, সাঁওতাল, তেলেগু, মুণ্ডা, উরাং, ভোজপুরী প্রমুখ আদিবাসি জনগোষ্ঠীর বসবাস রয়েছে।

পর্যটনমুখরিত নয়নাভিরাম পাহাড়ঘেরা মাধবপুর লেক, বিরল প্রজাতির প্রাণীর অভয়ারণ্য দৃষ্টিনন্দন সংরক্ষিত বন লাউয়াছড়া, ধলই সীমান্তে মহান মুক্তিযুদ্ধের অমর বীরত্বগাঁথা বীরশ্রেষ্ঠ সিপাহী মো. হামিদুর রহমান স্মৃতিসৌধ এবং দুর্গম হামহাম জলপ্রপাত কমলগঞ্জ উপজেলাকে প্রাকৃতিক সৌন্দের্যের অনন্য এক লীলাভূমিতে পরিণত করেছে। রাজকান্দি বিস্তীর্ণ বনাঞ্চল, ধলইনদী, লাঘাটানদীর সাথে এখানকার হাওরগুলোর অপূর্ব সংমিশ্রণ প্রকৃতিতে বিচিত্র সৌন্দর্যের সৃষ্টি করেছে । এখানে রয়েছে ঐতিহ্যবাহী মণিপুরী তাত শিল্প ।এ উপজেলার অধিকাংশ ঘর ছোট ছোট তাঁত শিল্পের সমাহার । এখানে রয়েছে জেলার একমাত্র বিমান ঘাঁটি শমশেরনগর । আধুনিক, বিজ্ঞানসম্মত, মননশীল, উন্নত ও সমৃদ্ধ কমলগঞ্জ উপজেলা বিনির্মাণের লক্ষ্যে উপজেলা প্রশাসন নিরলস কর্ম প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :**

- **ক্ষুদ্র নৃগোষ্ঠীর সনদ সহজীকরণ** : ক্ষুদ্র নৃ গোষ্ঠীর সনদ পাওয়া নিয়ে জটিলতা ছিল। বিভিন্ন কারণে সনদ পাওয়া সময় সাপেক্ষ ও দুরূহ হয়ে দাঁড়িয়ে ছিল। যার কারণে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি ও চাকরির ক্ষেত্রে তাদেরকে বঞ্চিত হতে হচ্ছিল। দীর্ঘদিনের এই সমস্যার অবসান ঘটাতেই জেলা প্রশাসক, মৌলভীবাজার কর্তৃক ক্ষুদ্র নৃ গোষ্ঠীর সনদ সহজীকরণের লক্ষ্যে ওয়েব সাইট (www.nrigostisanad.gov.bd) (ক্ষুদ্র নৃগোষ্ঠী সনদ) তৈরী করা হয়। মৌলভীবাজার জেলায় নানা সম্প্রদায়ের প্রায় ৬৫ হাজার ক্ষুদ্র জাতিগোষ্ঠী সদস্যদের বসবাস রয়েছে। এর মধ্যে কমলগঞ্জ উপজেলায় প্রায় ৫০ হাজার। এ জন্যই জেলা প্রশাসক মৌলভীবাজার কর্তৃক কমলগঞ্জ উপজেলাকে পাইলট কর্মসূচি হিসেবে বেছে নেওয়া হয়েছে। এটি করায় ক্ষুদ্র জাতিগোষ্ঠীর সদস্যদের একটি বিশদ তথ্যভান্ডার গড়ে উঠেছে। ক্ষুদ্র নৃ গোষ্ঠীদের সেই তথ্যভান্ডার বা উপাত্ত ভিত্তি বিভিন্ন সময় ব্যবহার করা যাবে। ইতোমধ্যে উক্ত ওয়েবসাইটে সংগৃহীত প্রায় ২৫হাজার ক্ষুদ্র নৃগোষ্ঠীর তথ্য উপাত্ত (ডাটা) এন্ট্রি করা হয়েছে। বর্তমানে ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়ের লোকজন অনলাইনে আবেদন করে সহজে তাদের সনদপত্র পাচ্ছেন। এ কাজের জন্য ২০১৯ সালে দলীয়ভাবে জেলা প্রশাসক, মৌলভীবাজার; অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মৌলভীবাজার এবং উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ জনপ্রশাসন পদকপ্রাপ্ত হয়েছেন।

- **''কমলগঞ্জের ভাষা বৈচিত্র'' নামক বই প্রকাশ ও কমলগঞ্জের ভাষা উৎসব আয়োজন ঃ** মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলার ক্ষুদ্রনৃগোষ্ঠী ও চা শ্রমিক জনগোষ্ঠী ( যেখানে অনেক ক্ষুদ্র নৃগোষ্ঠী রয়েছে) অধ্যুষিত বিচিত্র ভাষা ও সংস্কৃতি সমৃদ্ধ একটি উপজেলা। এখানে মনিপুরী বিষ্ণুপ্রিয়া, মনিপুরী, মৈতৈ মনিপুরী, পাঙ্গাল মুসলিম, খাসিয়া, সাঁওতাল, ত্রিপুরা, গারো, মুন্ডা, উরাও, তেলেগু, বোজপুরি, সাদ্রী, বাঙলী, ভুমিজ, বাড়াইক, উড়িয়া, রিকিয়াসনসহ বহু ভাষাভাষী মানুষের বসবাস রয়েছে। এসব ভাষাগুলো একটি অংশের লিখিত রূপ কিংবা কথ্য রূপ ধীরে ধীরে বিলুপ্ত হয়ে যাওয়ার উপক্রম হয়েছে। উপজেলা প্রশাসন কর্তৃক এসকল ক্ষুদ্র নৃগোষ্ঠীর ইতিহাস, ঐতিহ্য, সাংস্কৃতিক কর্মকান্ডের উপর গবেষণা করা হয়েছে। উপজেলা প্রশাসন থেকে বিভিন্ন ভাষাভাষী মানুষদেরকে উদ্বুদ্ধ করে তাদের ভাষাগুলোকে সমৃদ্ধ করার জন্য গত ০২ মার্চ ২০১৯খ্রি তারিখ ভাষা উৎসব ও ভাষা সংকলণ ''কমলগঞ্জের ভাষা বৈচিত্র'' নামক বই প্রকাশ করা হয়েছে। ইতোমধ্যে বহু বছর ধরে ব্যবহৃত তাদের কথ্য ও লিখিত ভাষার আদি রূপ এবং বর্তমান রূপের মধ্যে কতটুকু বিবর্তন বা পরিবর্তন হয়েছে সে বিষয়টি প্রকাশিত বইটিতে তুলে ধরা হয়েছে। সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নৃ-বিজ্ঞান বিভাগের ছাত্রদের মাধ্যমে বিভিন্ন ভাষার বাস্তবভিত্তিক গুরুত্বপূর্ণ তথ্য ও ইতিহাস তুলে আনা হয়েছে। এ ধরণের ভাষা উৎসব ও ভাষা সংকলন প্রকাশ কমলগঞ্জ উপজেলার ক্ষুদ্র নৃগোষ্ঠীসহ চা শ্রমিকদের নিজেদের ভাষা সংরক্ষণ ও টিকিয়ে রাখার বিষয়ে সচেতন ও উদ্বুদ্ধ করে তুলবে।

- **শিক্ষার্থীদের সরাসরি মণিটরিং:** প্রতিটি পাবলিক পরীক্ষায় অকৃতকার্য হওয়ার পর বিশেষ করে নারী শিক্ষার্থীদের জীবনে বাল্যবিবাহের বিভীষীকা নেমে আসে। ঝরেপড়া রোধ ও শিক্ষার সামগ্রীক উন্নতির লক্ষ্যে ৫ম, ৮ম ও ১০ম শ্রেণীর শিক্ষার্থীদের সরাসরি ওয়ান-টু-ওয়ান মনিটরিংয়ের আওতায় আনা হয়। শিক্ষার্থীদের অভিভাবকের মোবাইল ফোন নম্বর অন্তর্ভুক্ত করে মনিটরিং রেজিস্টার প্রস্তুত করা হয়। মনিটরিংয়ের জন্য শিক্ষার্থীদের গ্রুপ করে শিক্ষকদের এবং প্রতিটি ইউনিয়নে ট্যাগ অফিসার নিয়োগ করা হয়। পর পর দুই বছর সমাপণী পরীক্ষায় ঝরেপড়ার হার সিলেট বিভাগে কম রাখা সম্ভব হয়েছে। ২০১৫ সালে সমাপণী পরীক্ষায় ঝরে পড়ার হার ছেলে ৮.২৬% এবং মেয়ে ৫.৭৭% ছিল। বর্তমানে এ হার যথাক্রমে ২.৫ এবং ২.১। এছাড়া এসএসসি ও জেএসসি পরীক্ষার ফলাফলে উল্লেখযোগ্য পরিবর্তন সাধিত হয়েছে।

- **কম্পিউটার আউটসোর্সিং, ব্লক বাটিক, শিল্প উন্নয়ন উদ্যোক্তা, ভ্যাক্সিনেশন, শিক্ষকদের ইংরেজি ও গণিত বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ:** উপজেলা পরিষদের অর্থায়নে শিক্ষিত নারীদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কম্পিউটার আউটসোর্সিং ১০০জন, ব্লক বাটিক ৪০জন, শিল্প উদ্যোক্তা উন্নয়ন ৫০জন, ভ্যাক্সিনেশন প্রশিক্ষণ ৩০জন এবং মাধ্যমিক পর্যায়ের শিক্ষকদের ইংরেজি ও গণিত বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ২০০জনকে প্রদান করা হয়েছে।

- **চাম্পারায় চা বাগানে কলাবন প্রাথমিক বিদ্যালয় স্থাপন:** উপজেলা সদর থেকে ৩৫কি.মি. দূরে চাম্পারায় চা বাগানে সীমান্তবর্তী দুর্গম কলাবনের মুন্ডা পাড়া ও তৈলংবাড়ির ত্রিপুরাদের জীবনে অশিক্ষার অন্ধকারই যেন রূঢ় বাস্তবতা। ১০কি.মি. এর মধ্যে কোন বিদ্যালয় না থাকায় চা শ্রমিক ১৫০ টি মুন্ডা পরিবার ও বন বিভাগের ভিলেজার ৩০ টি ত্রিপুরা পরিবারের ছেলেমেয়েরা আজন্ম লেখাপড়া থেকে বঞ্চিত হয়ে আসছে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৩,৫৬,০০০/-টাকা ব্যয়ে এবং জেলা প্রশাসকের সহায়তায় কলাবন প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হয়েছে। ১ জানুয়ারি ২০১৮ থেকে ৪৫জন শিক্ষার্থী নিয়ে বিদ্যালয়টি চালু করা হয়েছে। বর্তমানে এ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যা ৬৫ জন।

- **স্থায়ী শিক্ষা তহবিল "প্রয়াস কমলগঞ্জ" গঠন:** কমলগঞ্জ উপজেলার দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের আর্থিক সহযোগিতা প্রদানের জন্য স্থানীয় বিত্তবানদের আর্থিক সহায়তায় একটি স্থায়ী শিক্ষা তহবিল "প্রয়াস কমলগঞ্জ" গঠন করা হয়েছে। উক্ত তহবিল হতে ইতোমধ্যে সোনালী ব্যাংক লি. কমলগঞ্জ শাখায় দুই বছর মেয়াদী ৬,০০,০০০/= (ছয় লক্ষ) টাকার এফডিআর করা হয়েছে যার মেয়াদ শেষে প্রাপ্ত সুদের অর্থে শিক্ষা সহায়তা প্রদান করা হবে।

- **বিদ্যালয়গামী নারী শিক্ষার্থীদের মধ্যে বাইসাইকেল বিতরণ :** দুর্গম পাহাড়ি কিংবা চা বাগানের আঁকাবাকাঁ পথ ধরে নারী শিক্ষার্থীদের বাইসাইকেল চালিয়ে দলবেঁধে স্কুলে যাওয়ার দৃশ্য দেখে সদ্য প্রাথমিকের গন্ডি পেরোনো মেয়েটি স্বপ্ন বুনে সাইকেল চালিয়ে সেও একদিন স্কুলে যাবে। উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদের অর্থায়নে এযাবৎ ৩০,০০,০০০/- ত্রিশ লক্ষ টাকা ব্যয়ে ৪৫০জন স্কুলগামী নারী শিক্ষার্থীকে বাই সাইকেল প্রদান করা হয়েছে। নারী ক্ষমতার ও নারী শিক্ষা বিস্তারে এটি মাইলফলক হিসেবে বিবেচিত হচ্ছে। বতমানে এ ধারা অব্যাহত আছে।

- **"বন্ধু শিক্ষক" প্রকল্প:** শিখন একটি জটিল ও কঠিন প্রক্রিয়া। ফলে প্রাথমিক কিংবা মাধ্যমিক অধিকাংশ শিক্ষার্থী বাংলা বা ইংরেজী ভালভাবে পড়তে লিখতে পারেনা। বিষয়টি মাথায় রেখে ১০টি প্রাথমিক বিদ্যালয়ে "বন্ধু শিক্ষক" প্রকল্প পাইলটিং করা হয়েছে। উপজেলা পরিষদের অর্থায়নে ২ লক্ষ টাকা ব্যয়ে এ প্রকল্প গ্রহণ করা হয়। এর ফলে বিদ্যালয়ে ঝড়েপড়া রোধ এবং শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে।

- মাল্টিমিডিয়া ক্লাস প্রায় শতভাগে উন্নীত করা হয়েছে।

- শিক্ষক বাতায়নে প্রায় শতভাগ শিক্ষককে অন্তর্ভূক্ত করা সম্ভব হয়েছে।

- **ভাষা উৎসব ও সংকলন প্রকাশ:** কমলগঞ্জ উপজেলার ক্ষুদ্র নৃগোষ্ঠী ও চা শ্রমিকদের ভাষা ও সংস্কৃতির উন্নয়ন এবং সংরক্ষণের লক্ষ্যে ভাষা উৎসব ও সংকলন প্রকাশ করা হয়েছে।

- **আমার স্কুল আমার দায়িত্বঃ** আমার স্কুল আমার দায়িত্ব- এই শ্লোগানকে সামনে রেখে প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ের বিত্তবান প্রাক্তন শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করে স্কুলে মিড-ডে মিল চালুকরণ, মাল্টিমিডিয়া প্রজেক্টর ও ডেস্ক-বেঞ্চ সরবরাহ, স্কুল ড্রেস, স্কুল ব্যাগ, টিফিন বক্সসহ শিক্ষা উপকরণ বিতরণ করা হয়। তাদের মাধ্যমে প্রতিটি স্কুলে শহীদ মিনার নির্মাণ ও স্কুলগুলোকে রঙিন করে শিক্ষার্থীদের নিকট আকষর্ণীয় করে তোলা হয়।

- **সেলাই প্রশিক্ষণ ও কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন:** প্রধানমন্ত্রীর কার্যালয়ের অর্থায়নে (বিশেষ এলাকা উন্নয়ন সহায়তা তহবিল এর আওতায় মইডাইল শব্দকর পাড়া, মাধবপুর ও তিলকপুরে ০১টি করে সেলাই প্রশিক্ষণ কেন্দ্র এবং শমশেরনগর চা বাগান, শিববাজার ও আদমপুর মণিপুরী কমপ্লেক্সে ০১টি করে কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়। এ পর্যন্ত ৩০০জন নারী সেলাই প্রশিক্ষণ ও ৩০০জন নারী কম্পিউটার প্রশিক্ষণ নিয়েছেন।

- **বয়ঃসন্ধিকালীন মেয়েদের ডাটাবেইজ :** অধিকাংশ স্কুল ড্রপআইট, বাল্যবিবাহের ঝুঁকিতে থাকা অতিদরিদ্র ১৬৮০ জন এডোলোসেন্ট মেয়েদের তালিকা প্রস্তুত করা হয়েছে। আমাদের জনসংখ্যার অর্ধেক নারী। এ বিপুল জনগোষ্ঠীকে পেছনে রেখে সামগ্রীক উন্নয়ন সম্ভব নয়। বাল্য বিবাহমুক্ত কমলগঞ্জ উপজেলায় অনেক এডোলোসেন্ট মেয়ে বাল্য বিবাহের ঝুঁকিতে রয়েছে। ইতোমধ্যে বেসরকারি সংস্থা সূচনার সহায়তায় ০৭টি ইউনিয়নে তাদের সক্ষমতা বৃদ্ধি, জীবনদক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ, নারীর ক্ষমতায়ন, অধিকার সচেতন ও বাল্যবিবাহের কুফল সম্পর্কে ক্রমান্বয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

- **শিক্ষার্থীদের জন্য মিনিবাস :** উপজেলা সদরে অবস্থিত কলেজসমূহে দূরবর্তী ইসলামপুর, আদমপুর ও মাধবপুর ইউনিয়নের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও চা শ্রমিক শিক্ষার্থীদের যাতায়াতের সুবিধার্তে উপজেলা প্রশাসনের প্রস্তাবের প্রেক্ষিতে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে একটি মিনি বাস প্রদান করা হয়েছে।

- **চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন:** উপজেলার চা-শ্রমিকদের জীবনমান উন্নয়নে শিক্ষা, স্বাস্থ্য, স্যানিটেশনসহ অন্যান্য বিষয়ে কার্যক্রম অব্যাহত রয়েছে চা শ্রমিকদের খাদ্য সহায়তা ও নগদ অর্থ প্রদানের পাশাপাশি মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের সহায়তায় শমশেরনগর চা বাগানে জাগরণী আইসিটি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে।

- **কমলগঞ্জ গেইট নির্মাণ :** কমলগঞ্জ উপজেলাকে ভ্রমণপিপাষু মানুষের নিকট অধিক পরিচিত করে তুলতে কমলগঞ্জ শ্রীমঙ্গল সীমানায় লাউয়াছড়া উদ্যানে দৃষ্টিনন্দন গেইট নির্মাণ করা হয়েছে। উপজেলা পরিষদ হতে ১২লক্ষ টাকা ব্যয়ে এ আকর্ষণীয় কমলগঞ্জ গেইট নির্মাণ করা হয়। যা পর্যটকদের নিকট কমলগঞ্জকে তুলে ধরবে।

- **সেচযন্ত্র প্রদান:** অনাবাদি জমি চাষাবাদের আওতায় আনার জন্য উপজেলা পরিষদের অর্থায়নে ১০লক্ষ টাকা ব্যয়ে কৃষকদের মধ্যে ৫৭টি সেচযন্ত্র বিতরণ করা হয়। ২৫জনের একেকটি দলকে একটি করে সেচযন্ত্র করা হয়।

**বিভিন্ন ক্ষেত্রে প্রাপ্ত পুরস্কারঃ**

* নারী উন্নয়নে অবদানের জন্য জনপ্রশাসন পদক ২০১৮ অর্জন (২০১৮);
* কৃষিতে অবদানের জন্য সিলেট বিভাগের শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার (২০১৬);
* সিলেট বিভাগীয় জাতীয় শিক্ষা পদক-২০১৭ অর্জন;
* মৌলভীবাজার জেলায় শ্রেষ্ঠ উপজেলা ইনোভেশন টিম পুরস্কার (২০১৬);
* মৌলভীবাজার জেলায় জাতীয় শুদ্ধাচার পুরস্কার (রাজস্ব প্রশাসনে অবদান)-২০১৭;
* ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জীবনমান উন্নয়নে দলীয়ভাবে (জেলাপ্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), উপজেলা নির্বাহী অফিসার) জনপ্রশাসন পদক ২০১৯ অর্জন
* জনসেবায় বিশেষ অবদানের জন্য মৌলভীবাজার জেলায় শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হিসেবে পুরষ্কার অর্জন (২০১৮)।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :**

- উপজেলার দক্ষিণাঞ্চলে তিনটি ইউনিয়নে কোন উচ্চশিক্ষা প্রতিষ্ঠান নেই। মাধ্যমিক পাশ করার পর ২০ থেকে ৩০কি.মি. দূরে কমলগঞ্জ উপজেলা সদরে অবস্থিত কলেজ ও মাদ্রাসায় উচ্চ শিক্ষা গ্রহণে ঐ অঞ্চলের শিক্ষার্থীদের যাতায়াত করতে হয় । গণপরিবহণ না থাকায় সিএনজি চালিত অটোরিক্সায় ১০০-১৫০ টাকা ভাড়া দিয়ে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে যাতায়াত করতে হয়। ফলে এ উপজেলার অনেক শিক্ষার্থীর উচ্চশিক্ষা হতে বঞ্চিত হচ্ছে। কলেজগামী শিক্ষার্থীদের জন্য দুটি বাস দেয়া সম্ভব হলে শত শত শিক্ষার্থীর উচ্চ শিক্ষা নিশ্চিত করা সম্ভব হতো।

- অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে সৃষ্ট আগাম বন্যায় বোরো ফসলের ব্যাপক ক্ষতিসাধিত হয়। বন্যায় ফসলহানি ও মৎস্য সম্পদের ক্ষতি হওয়ার ফলে এ উপজেলার কৃষি অর্থনীতিতে ব্যাপক নেতিবাচক প্রভাব পড়ে। এ সংকট হতে উত্তরণের জন্য আগামী ফসল উৎপাদন না হওয়া পর্যন্ত আপদকালীন কর্মসূচী গ্রহণ ও এ উপজেলায় চাষযোগ্য অনাবাদি জমি চাষের আওতায় এনে খাদ্য উৎপাদন বৃদ্ধি মাধ্যমে এ সমস্যা সমাধান সম্ভব।

- কমলগঞ্জ উপজেলার চা-শ্রমিকদের স্বাস্থ্য, শিক্ষা ও জীবনমানের অনগ্রসরতা বিদ্যমান। এ উপজেলার চা শ্রমিক, সাঁওতাল, গারো, ত্রিপুরা, মুন্ডা, উরাং ও দরিদ্র শব্দকরদের জীবনমান উন্নয়ন ও শিক্ষার অনগ্রসরতাও একটি বড় চ্যালেঞ্জ।

- উপজেলার প্রায় মধ্যদিয়ে প্রবাহিত ধলাই নদীর বিভিন্ন স্থানের ভাঙ্গনে এ এলাকার বিস্তীর্ণ অঞ্চল প্লাবিত হয়। ঘরবাড়ি ও ফসলের ব্যাপক ক্ষতি হয়। এ উপজেলায় ধলাইয়ের ভাঙ্গান রোধও একটি বড় চ্যালেঞ্জ।

- উপজেলার সকল ভিক্ষুক পুনর্বাসনও একটি বড় চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা :**

- উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি এবং উপজেলা পরিষদ কমিটির সভার সিদ্ধান্ত ও এনজিও কার্যক্রম সমন্বয় বিষয়ক সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়ন করা।
- ইনোভেশন কার্যক্রম ''প্রয়াস কমলগঞ্জ'' এর মাধ্যমে উপজেলার ৫ম,৮ম,১০ম শ্রেণি ও এইচএসসি পরীক্ষীর সকল শিক্ষার্থী, প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষক, মাধ্যমিক বিদ্যালয়ের সকল শিক্ষকের ডাটাবেইজ সংরক্ষণ ও উপজেলা প্রশাসন থেকে নিয়মিত শিক্ষা কার্যক্রম মনিটরিং অব্যাহত রাখা।
- প্রাথমিক পর্যায়ে ঝরে পড়া শূণ্যের কোটায় নামিয়ে আনা। প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের পরীক্ষায় মফস্বল উপজেলা হিসেবে বিভাগের মধ্যে শ্রেষ্ঠত্ব অর্জন করা।
- উপজেলা পরিষদের অর্থায়নে আউটসোর্সিং প্রশিক্ষণের মাধ্যমে কমপক্ষে ২০০জন তরুন তরুনীকে তথ্য প্রযুক্তি জ্ঞানসমৃদ্ধ দক্ষ জনবল হিসেবে তৈরী করা ।
- উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা স্থায়ী বাসিন্দা শিক্ষিত বেকারদের ডাটাবেইজ প্রস্তুতকরণ এবং পরিকল্পিত উপায়ে তাদের কর্মসংস্থানের সুযোগ করে দেয়া।
- উপজেলায় বসাবাসরত পিছিয়ে পড়া ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও দরিদ্র চা শ্রমিকদের আর্থসামাজিক অবস্থার উন্নয়নে জীবন দক্ষতা ভিত্তিক প্রকল্প গ্রহণ।
- উপজেলা অনাবাদি জমি চাষাবাদের আওতায় আনয়ন। এ উপজেলার কমপক্ষে তিনটি স্থানকে পর্যটকদের জন্য আকর্ষণীয় করে তুলতে অবকাঠামোগত উন্নয়ন সাধন।
- আইন-শৃঙ্খলা রক্ষা, সন্ত্রাস, মাদকদ্রব্যের ব্যবহার রোধ ও জঙ্গিবাদ নির্মূলে জনসচেতনতামূলক সভা অনুষ্ঠান অব্যাহত রাখা। উপজেলা পরিষদের সেবা সহজীকরণ, হয়রানীমুক্ত যুগোপযোগী ব্যবস্থাপনার উন্নীতকরণ।
- এসডিজি অর্জনের জন্য নিরলসভাবে কাজ করে যাওয়া এবং কমলগঞ্জ উপজেলার ভিক্ষুকদের পুনর্বাসনের মাধ্যমে ভিক্ষুকমুক্ত উপজেলা ঘোষণা করা ।
- একটি বাড়ি একটি খামারের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীকে দারিদ্র্যসীমার উপরে নিয়ে আসা।
- ভূমিকম্প ও বজ্রপাতের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ ও প্রশিক্ষণ আয়োজন

## সেকশন ১:

## রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions):

১.১ রূপকল্প (Vision) :
দক্ষ, গতিশীল, উন্নয়ন সহায়ক এবং জনবান্ধব প্রশাসন।

১.২ অভিলক্ষ্য (Mission):
প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি, তথ্যপ্রযুক্তির যথাযথ ব্যবহার ও সেবাদাতাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন এবং উদ্ভাবন চর্চার মাধ্যমে সময়াবদ্ধ ও মানসম্মত সেবা নিশ্চিত করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১. উপজেলা পর্যায়ে সরকারি ও বেসরকারি সকল উন্নয়নমূলক কার্যক্রসমূহের সমন্বয়সাধন;
২. উপজেলা রাজস্ব প্রশাসন ও ভূমি ব্যবস্থাপনায় গতিশীলতা আনয়ন;
৩. বনায়ন, দুর্যোগ ব্যবস্হাপনা, জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সংরক্ষণসহ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ত্বরান্বিতকরণ;
৪. সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রম বাস্তবায়ন জোরদারকরণ;
৫. শিক্ষা, সৃংস্কৃতি, ক্রীড়া ও নারী উন্নয়ন ত্বরান্বিতকরণ।
৬. জনশৃঙ্খলা ও জননিরাপত্তা রক্ষায় কার্যক্রম জোরদার ও সংহতকরণ;
৭. লাগসই প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কৃষি উৎপাদনে সফলতা অর্জন;
৮. স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা ক্ষেত্রে জনবান্ধব প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সফলতা অর্জন।

১.৪ **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

**১.** দক্ষতা ও আন্তরিকতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
২. কর্মক্ষেত্রে দক্ষতা ও নৈতিকতা উন্নয়ন;
৩. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;
৪. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন কর্মপরিবেশ উন্নয়ন;
৫. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন;
৬. ৩ বছর মেয়াদি কর্মপরিকল্পনা বাস্তবায়ন।

১.৫ কার্যাবলি (Functions):

১. উপজেলার উন্নয়ন কর্মকান্ডের সমন্বয় এবং মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার/প্রতিশ্রুত প্রকল্পসমূহসহ উপজেলার প্রধান উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নে সমন্বয়কারী হিসেবে বিশেষ ভূমিকা পালন;

২. সরকার কর্তৃক গৃহিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন ও ৩ বছর মেয়াদি কর্মপরিকল্পনা অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন; কৃষি, স্বাস্থ্যসেবা ও জনস্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, নারী ও শিশু, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কল্যাণ, প্রাথমিক ও গণশিক্ষা এবং শিক্ষা বিষয়ক গৃহীত সকল নীতিমালা ও কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়ন, তত্ত্বাবধান, পরিবীক্ষণ ও সমন্বয়সাধন;

৩. দুর্যোগ ব্যবস্হাপনা এবং ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম গ্রহণ, জিআর, টিআর, কাবিখা, কাবিটা, ভিজিডি, ভিজিএফ, অতি দরিদ্রদের জন্য কর্মসৃজন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন, তত্ত্বাবধান ও পরিবীক্ষণ;

৪. ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্যসমূহ সংরক্ষণসহ পরিবেশ দূষণের ফলে সৃষ্ট জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় জনসচেতনতা সৃষ্টি, বনায়ন, বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সার্বিক সহায়তা করা এবং সার্বিক সমন্বয় সাধন ও পরিবীক্ষণ;

৫. সামাজিক নিরাপত্তা ও দারিদ্র্য বিমোচনে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক গৃহীত ন্যাশনাল সার্ভিস কর্মসূচি, একটি বাড়ী একটি খামারসহ বিভিন্ন প্রকল্প বাস্তবায়নে সার্বিক সহায়তা প্রদান ও কার্যকর সমন্বয় সাধন;

৬. রাজস্ব প্রশাসনের সার্বিক নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং পরিবীক্ষণ;

৭. নির্বাহী ম্যাজিস্ট্রেসি সম্পর্কিত যাবতীয় ক্ষমতা প্রয়োগ, মোবাইল কোর্ট পরিচালনা, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষাপূর্বক জনজীবনে স্বস্তি আনয়ন এবং বিদেশী নাগরিক ও ভিভিআইপিদের নিরাপত্তা সংক্রান্ত কার্যাবলি;

৮. বিভিন্ন সামাজিক সমস্যা যেমন যৌন হয়রানি, নারী নির্যাতন, মাদক সেবন, চোরাচালান, যৌতুক, বাল্যবিবাহ ইত্যাদি প্রতিরোধ/নিরসনে কার্যক্রম গ্রহণ;

৯. ই-ফাইল (নথি) ব্যবস্থাপনা এবং ই-মোবাইল কোর্ট সিস্টেমে মোবাইল কোর্টের কার্যক্রম পরিচালনা ও মামলা নিষ্পত্তির হার বৃদ্ধির কার্যক্রম;

১০. স্থানীয় সরকার সংক্রান্ত কার্যক্রম;

১১. প্রবাসীদের ডাটাবেস প্রস্তুত, বিদেশগামী ব্যক্তিদের প্রতারণা ও হয়রানি প্রতিরোধ এবং মানব পাচার রোধসহ প্রবাসী কল্যাণে যাবতীয় কার্যক্রম গ্রহণ;

১২. এনজিওদের কার্যক্রম তদারকি ও সমন্বয়, এনজিও কার্যক্রমের ওভারল্যাপিং প্রতিরোধে কর্মক্ষেত্র নির্ধারণে মতামত প্রদান এবং এনজিওদের অনুকূলে ছাড়কৃত অর্থের পরিবীক্ষণ ও ক্ষুদ্রঋণসহ অন্যান্য কার্যক্রম পরিদর্শন/দর্শন;

১৩. জাতীয় ই-গর্ভনেন্স কার্যক্রম বাস্তবায়ন; সেবা পদ্ধিত সহজীকরণ, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান, উপজেলা তথ্য বাতায়ন হালনাগাদকরণ, সোস্যাল মিডিয়া ব্যবহার, এবং বিভিন্ন পর্যায়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ অন্যান্য বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা ও তদারকি।

১৪. সিটিজেন চার্টার অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সেবা গ্রহীতাদের সেবা প্রদান নিশ্চিতকরণ

## সেকশন-২
## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicators) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | ২০২১-২২ | ২০২২-২৩ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| দুর্যোগ ব্যবস্থাপনা, বনায়ন, জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সংরক্ষণ (ধলাই নদীর ভাঙন রোধ) | সভা, সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, পরিদর্শন, সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ, বনায়ন, জনসচেতনতা সৃষ্টি | সংখ্যা | ১২ | ১৬ | ২০ | ২৫ | ৩০ | উপজেলা প্রশাসন, দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ, পানি উন্নয়ন বোর্ড, বন বিভাগ | সভার সিদ্ধান্ত, অর্থ বরাদ্দ, প্রতিবেদন, বৃক্ষ রোপন, নদীর চর কাটিং বাঁধ মেরামত |
| সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রম বাস্তবায়ন জোরদারকরণ | সভা, সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, জনসচেতনতা সৃষ্টি | % | ৭০% | ৮০% | ৯০% | ৯৫% | ১০০% | উপজেলা প্রশাসন, উপজেলা পরিষদ, পৌরসভা, ইউনিয়ন পরিষদ, এনজিও, | সভার সিদ্ধান্ত, অর্থ বরাদ্দ, জনসচেতনতা সৃষ্টি |
| মানসম্মত শিক্ষা ব্যবস্থা জোরদারকরণ এবং সামাজিক সচেতনতা সৃষ্টি | সভা, সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, পরিদর্শন, জনসচেতনতা সৃষ্টি | % | ৭০% | ৮০% | ৯০% | ৯৫% | ১০০% | উপজেলা প্রশাসন, প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিভাগ, উপজেলা পরিষদ, পৌরসভা, ইউনিয়ন পরিষদ, এনজিও, | সভার সিদ্ধান্ত, অর্থ বরাদ্দ, প্রতিবেদন, জনসচেতনতা সৃষ্টি |
| তথ্য প্রযুক্তির ব্যবহার (ই নথি) | প্রশিক্ষণ, কর্মকর্তা/কর্মচারিদের মধ্যে ই-নথি ব্যবহার | % | ৪০% | ৫০% | ৭০% | ৯০% | ১০০% | উপজেলার সকল সরকারি বিভাগ | নথি ব্যবহার, প্রশিক্ষণ তথ্য |

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য,  কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target /Criteria Value for FY 2018-2019) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ১) উপজেলা পর্যায়ে সরকারি ও বেসরকারি সকল দপ্তরসমূহের উন্নয়নমূলক কার্যক্রমের সমন্বয়সাধন। | ১৬ | ১.১) উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠান। | ১.১.১) অনুষ্ঠিত সভা | ৩+৩+৩+৩ =১২ | সংখ্যা | ২ | ১১ | ১১ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| | | | ১.১.২) সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | ১০০% | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ১.২) বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিদর্শন। | ১.২.১) পরিদর্শন/ দর্শনকৃত প্রকল্প। | ১২+১৫+১৮ + ১৫=৬০ | সংখ্যা | ২ | ৬০ | ৪২ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৫৫ | ৫৫ |
| | | | ১.২.২) বাস্তবায়িত সুপারিশ | ১০০% | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ১.৩) এনজিও কার্যক্রম সমন্বয় বিষয়ক সভা। | ১.৩.১) সভা অনুষ্ঠিত | ৩+৩+৩+৩ =১২ | সংখ্যা | ১ | ১২ | ০৯ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| | | | ১.৩.২) সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | ১০০% | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ১.৪) এনজিও দের অনুকূলে ছাড়কৃত অর্থের পরিবীক্ষণ। | ১.৪.১) পরিবীক্ষণকৃত এনজিও | ৩+৩+৩+৩ =১২ | সংখ্যা | ২ | ১২ | ১২ | ১২ | ১০ | ০৮ | ০৭ | ০৬ | ১৫ | ১৫ |
| | | | ১.৪.২) ক্ষুদ্রঋণ কার্যক্রম দর্শন/ পরিদর্শন। | ২+২+২+২ =০৮ | সংখ্যা | ২ | ১২ | ১২ | ১২ | ১০ | ৮ | ৬ | 8 | ১৪ | ১৪ |
| | | | ১.৪.৩) বাস্তবায়িত সুপারিশ | ১০০% | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target /Criteria Value for FY 2018-2019) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ০২) দুর্যোগ ব্যবস্থাপনা, বনায়ন, জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সংরক্ষণসহ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন ত্বরান্বিতকরণ। | ০৯ | ২.১) ত্রাণ ও পুনর্বাসন এবং দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত সভা অনুষ্ঠান। | ২.১.১) অনুষ্ঠিত সভা | ৩+৩+৩+৩ =১২ | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১২ | ১০ | ০৮ | ০৬ | ০৪ | ১২ | ১২ |
| | | | ২.১.২) সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | ১০০% | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ২.২) দুর্যোগ ক্ষতিগ্রস্ত এলাকা তাৎক্ষণিক পরিদর্শন/দর্শন। | ২.২.১) পরিদর্শন /দর্শনকৃত | ১০+১৭+১১ +১০=৪৮ | সংখ্যা | ১ | ৪৮ | ৪২ | ৪৮ | ৪২ | ৩৬ | ২৮ | ২৪ | ৬০ | ৬০ |
| | | ২.৩) গ্রামীন অবকাঠামো নির্মাণের জন্য কাবিখা প্রকল্প বাস্তবায়ন। | ২.৩.১) নির্মিত রাস্তা | ২+৩+৩+২ =১০কি:মি: | কি.মি. | ১ | ১২ | ১৪ | ১৬ | ১৪ | ১২ | ১০ | ০৮ | ০৭ | ০৭ |
| | | ২.৪) গ্রামীন অবকাঠামো নির্মানের জন্য কাবিটা প্রকল্প বাস্তবায়ন। | ২.৪.১) নির্মাণকৃত রাস্তা/ ব্রীজ/কালভাট/ সোলার প্রকল্প | ২+২+৩+৩ =১০ কি:মি:/ ৫০০টি | কি.মি/ সংখ্যা. | ১ | ৪ | ৫০০ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ১০/৮০০টি | ১০/৮০০টি |
| | | ২.৫) বৃক্ষ রোপনের জন্য জনগণকে উদ্বুদ্ধকরণ মেলা আয়োজন। | ২.৫.১) আয়োজিত মেলা | ১+০+০ +০ =১ | সংখ্যা | ১ | ১ | - | ১ | - | - | - | - | ১ | ১ |
| | | ২.৬) সামাজিক বনায়নের জন্য বিভিন্ন প্রকার বৃক্ষের চারা বিতরণ। | ২.৬.১) বিতরণকৃত চারা | ৮+২+০+০ =১০ | সংখ্যা (হাজার) | ১ | - | - | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ০৬ | ০৬ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target /Criteria Value for FY 2018-2019) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | ২.৭)উপজেলা পরিবেশ কমিটির সভা আয়োজন | ২.৭.১) আয়োজিত সভা | ২+১+২+১ =৬ | সংখ্যা | ১ | - | ১ | ৮ | ৭ | ৬ | ৫ | ৪ | ১২ | ১২ |
| | | ২.৮) জলবায়ু পরিবর্তন রোধে গৃহীত প্রকল্প বাস্তবায়ন | ২.৮.১) বাস্তবায়িত প্রকল্প | ০+০+০+১ =১ | সংখ্যা | ১ | - | - | ১ | - | - | - | - | ০১ | ০১ |
| ০৩) সামাজিক নিরাপত্তামূলক কার্যক্রম বাস্তবায়ন জোরদারকরণ। | ৮ | ৩.১) মুক্তিযোদ্ধা দের সম্মানী ভাতা বিতরণ কার্যক্রম তদারকি। | ৩.১.১) ভাতা বিতরণ কার্যক্রম তদারককৃত | ১০০% | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ৩.২) প্রতিবন্ধী ভাতা প্রদান কার্যক্রম তদারকি | ৩.২.১) ভাতা বিতরণ কার্যক্রম তদারককৃত | ১০০% | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ৩.৩) বিধবা ভাতা বিতরণ কার্যক্রম তদারকি | ৩.৩.১) ভাতা বিতরণ কার্যক্রম তদারককৃত | ১০০% | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ৩.৪) সামাজিক নিরাপত্তামূলক প্রকল্পের বাস্তবায়ন পরিবীক্ষণ। | ৩.৪.১)পরিবীক্ষণ কৃত প্রকল্প | ৩+৩+৩+৩ =১২ | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১২ | ১০ | ০৯ | ০৮ | ০৭ | ১২ | ১২ |
| | | ৩.৫) প্রতিবন্ধী দের শিক্ষা ও অন্যান্য কল্যাণমূলক কাজে সহায়তা প্রদান | ৩.৫.১) সহায়তা প্রদত্ত | ৫.০০+৫.০০ + ৫.০০ +৫.০৫ =২০.০০ | টাকা (লক্ষ) | ১ | ১৫.৮৭ | ১৯.১৭ | ২০.০০ | ১৮.০০ | ১৬.০০ | ১৪.০০ | ১২.০০ | ২৫.০০ | ২৫.০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target /Criteria Value for FY 2018-2019) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | ৩.৬)উপজেলা পর্যায়ে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন | ৩.৬.১) আয়োজিত ক্রীড়া প্রতিযোগিতা | ০+৩+১+০ =৪ | সংখ্যা | ১ | ১ | ৩ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৪ | ৪ |
| | | ৩.৭) সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন। | ৩.৭.১) আয়োজিত প্রতিযোগিতা | ০+৩+১+১ =৫ | সংখ্যা | ১ | ৩ | ৪ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৫ |
| | | ৩.৮)উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা আয়োজন। | ৩.৮.১) সভা আয়োজন ও সিদ্ধান্ত বাস্তবায়ন | ৩+৩+৩+৩ =১২ | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১২ | ১০ | ০৭ | ০৭ | ০৬ | ১২ | ১২ |
| ০৪) রাজস্ব প্রশাসন ও ব্যবস্থাপনায় গতিশীলতা আনয়ন। | ৮ | ৪.১) উপজেলা ভূমি অফিস পরিদর্শন। | ৪.১.১)পরিদর্শন কৃত অফিস | ০১+০২+০১ +০২=৬ | সংখ্যা | ১ | ০৪ | ০৪ | ০৪ | ৩ | ২ | - | - | ০২ | ০২ |
| | | | ৪.১.২) সুপারিশ বাস্তবায়ন | ১০০% | % | ১ | ৯২ | ৯০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ৪.২) ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন। | ৪.২.১)পরিদর্শন কৃত অফিস | ৯+৯+৯+৯ =৩৬ | সংখ্যা | ১ | ৩৬ | ৩৬ | ৩৬ | ৩২ | ৩০ | ২৮ | ২৫ | ৩৬ | ৩৬ |
| | | | ৪.২.১) সুপারিশ বাস্তবায়ন | ১০০% | % | ১ | ৯২ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ৪.৩) ভূমি উন্নয়ন করের সঠিক দাবী নির্ধারণ। | ৪.৬.১) বিগত বছরের বকেয়া ও চলতি বছরের আদায় | ১০০% | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ৪.৪) অর্পিত সম্পত্তির ইজারামূল্য আদায় তদারকি করা | ৪.৮.১) বিগত বছরের বকেয়া ও চলতি বছরের আদায় | ১০০% | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target /Criteria Value for FY 2018-2019) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | ৪.৫) রাজস্ব মামলা নিষ্পত্তি। | ৪.১০.১) মামলা নিষ্পত্তির হার | ১০০% | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ৪.৬) রেন্ট সার্টিফিকেট মামলা নিষ্পত্তি। | ৪.১৩.১)নিষ্পত্তি কৃত মামলা | ১০০% | % | ১ | ১০ | - | ১০ | ০৮ | ০৭ | ০৬ | ০৪ | ৪ | ৪ |
| ০৫) আইন-শৃঙ্খলা ও জোরদারকরণ এবং সংহতকরণ। | ৫ | ৫.১) মোবাইল কোর্ট পরিচালনা | ৫.১.১) পরিচালিত মোবাইল কোর্ট | ১৬+১২+১৪ +১০ | সংখ্যা | ১ | ২৩ | ৪৪ | ৫২ | ৫০ | ৪৮ | ৪৬ | ৪৫ | ৫৩ | ৫৩ |
| | | ৫.২) উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠান। | ৫.২.১) অনুষ্ঠিত সভা | ৩+৩+৩+৩ =১২ | সংখ্যা | ১ | ১২ | ১১ | ১২ | ১১ | ১০ | ৮ | ৭ | ১২ | ১২ |
| | | | ৫.২.২) সিদ্ধান্ত বাস্তবায়নের হার | ১০০% | % | ১ | ৮০ | ১০০ | ১০০ | ৯৪ | ৮৬ | ৮০ | ৭৮ | ১০০ | ১০০ |
| | | ৫.৩) চাঞ্চল্যকর ও লোমহর্ষ ঘটনা অবহিতকরণ। | ৫.৩.১) ৪ ঘণ্টার মধ্যে গোচরে আনীত | ১০০% | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | - | - | - | - | ১০০ | ১০০ |
| | | | ৫.৩.২)২৪ ঘণ্টার মধ্যে প্রতিবেদন পেশকৃত | ১০০% | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | - | - | - | - | ১০০ | ১০০ |
| ০৬) জননিরাপত্তা বিষয়ে জনসচেতনতামূলক কার্যক্রমের মাধ্যমে জনউদ্বুদ্ধকরণ জোরদারকরণ। | ২০ | ৬.১) আইন শৃঙ্খলা রক্ষায় জনসচেতনতা মূলক সভা অনুষ্ঠান। | ৬.১.১) অনুষ্ঠিত সভা | ৩+৩+৩+৩ =১২ | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ৮ | ৭ | ১২ | ১২ |
| | | | ৬.১.২) সিদ্ধান্ত বাস্তবায়িত | ১০০% | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ৬.২) এসিডের অপব্যবহার রোধ সংক্রান্ত সভা আয়োজন। | ৬.২.১) আয়োজিত সভা | ০+১+০+১ =২ | সংখ্যা | ১ | ২ | ২ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ২ | ২ |
| | | | ৬.২.২) সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | % | ১ | - | ১০০ | ১০০ | ৯৪ | ৮৬ | ৮০ | ৭৮ | ১০০ | ১০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target /Criteria Value for FY 2018-2019) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | ৬.৩) মাদক দ্রব্যের অপব্যবহার নিয়ন্ত্রণে জনসচেতনামূলক সভা আয়োজন। | ৬.৩.১) আয়োজিত সভা | ৩+৩+৩+৩=১২ | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ৮ | ৭ | ১২ | ১২ |
| | | | ৬.৩.২) সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | % | ১ | ৯৮ | ১০০ | ১০০ | ৯২ | ৮২ | ৭৮ | ৭৫ | ১০০ | ১০০ |
| | | ৬.৪) নারী ও শিশু নির্যাতন রোধে জনসচেতনামূলক সভা আয়োজন। | ৬.৪.১) আয়োজিত সভা | ৩+৩+৩+৩=১২ | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ৮ | ৭ | ১২ | ১২ |
| | | | ৬.৪.২) সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | % | ১ | ৯৮ | ১০০ | ১০০ | ৯৪ | ৮৬ | ৮০ | ৭৮ | ১০০ | ১০০ |
| | | ৬.৫) যৌতুক নিরোধের লক্ষ্যে জনসচেতনামূলক সভা আয়োজন। | ৬.৫.১) আয়োজিত সভা | ৩+৩+৩+৩=১২ | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ৮ | ৭ | ১২ | ১২ |
| | | | ৬.৫.২) সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | % | ১ | ৯৮ | ১০০ | ১০০ | ৯৪ | ৮৬ | ৮০ | ৭৮ | ১০০ | ১০০ |
| | | ৬.৬) বাল্যবিবাহ নিরোধের লক্ষ্যে জনসচেতনামূলক সভা আয়োজন। | ৬.৬.১) আয়োজিত সভা | ৩+৩+৩+৩=১২ | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ৮ | ৭ | ১২ | ১২ |
| | | | ৬.৬.২) সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | % | ১ | ৯৮ | ১০০ | ১০০ | ৯৬ | ৮৮ | ৮১ | ৭৮ | ১০০ | ১০০ |
| | | ৬.৭) সন্ত্রাস ও জঙ্গীবাদ দমনে জনসচেতনামূলক সভা আয়োজন। | ৬.৭.১) আয়োজিত সভা | ৩+৩+৩+৩=১২ | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ৮ | ৭ | ১২ | ১২ |
| | | | ৬.৭.২) সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | % | ১ | ৮৫ | ১০০ | ১০০ | ৯০ | ৮৪ | ৭৬ | ৭২ | ১০০ | ১০০ |
| | | ৬.৮) মানব পাচার রোধে জনসচেতনামূলক সভা আয়োজন। | ৬.৮.১) আয়োজিত সভা | ৩+৩+৩+৩=১২ | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ৮ | ৭ | ১২ | ১২ |
| | | | ৬.৮.২) সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | % | ১ | ৯৮ | ১০০ | ১০০ | ৯৪ | ৮৬ | ৮০ | ৭৮ | ১০০ | ১০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target /Criteria Value for FY 2018-2019) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | ৬.৯) চোরাচালান প্রতিরোধে জনসচেতনামূলক সভা আয়োজন। | ৬.৯.১) আয়োজিত সভা | ৩+৩+৩+৩ =১২ | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ৮ | ৭ | ১২ | ১২ |
| | | | ৬.৯.২) সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | % | ১ | ৯৮ | ১০০ | ১০০ | ৯৬ | ৮৮ | ৮৬ | ৮০ | ১০০ | ১০০ |
| | | ৬.১০) ইভটিজিং/ যৌন হয়রানি প্রতিরোধে জনসচেতনামূলক সভা আয়োজন। | ৬.১০.১) আয়োজিত সভা | ৩+৩+৩+৩ =১২ | সংখ্যা | ১ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ৮ | ৭ | ১২ | ১২ |
| | | | ৬.১০.২) সিদ্ধান্ত বাস্তবায়ন | ১০০% | % | ১ | ৯৮ | ১০০ | ১০০ | ৯৪ | ৮৬ | ৮০ | ৭৮ | ১০০ | ১০০ |
| ০৭) মানবসম্পদ উন্নয়ন ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ। | ২ | ৭.১) কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনা | ৭.১.১কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন ও পরিচালন | ২+২+২+২ =৮ | সংখ্যা | ১ | ২ | ২ | ০৮ | ০৭ | ০৬ | ০৫ | ০৪ | ১০ | ১০ |
| | | ৭.২সেলাই প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনা | ৭.২.১সেলাই প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন ও পরিচালন | ৩+৩+৩+৩ =৮ | সংখ্যা | ১ | ৩ | ৩ | ০৮ | ০৭ | ০৬ | ০৫ | ০৪ | ১০ | ১০ |
| ০৮) মানসন্মত শিক্ষা ব্যবস্থা জোরদারকরণ এবং সামাজিক সচেতনতা সৃষ্টি | ৪ | ৮.১শিক্ষা প্রতিষ্ঠান দর্শন ও পরিদর্শন | ৮.১.১) পরিদর্শন ও দর্শন কার্যক্রম | ৩+৪+৩+৪ =১৪ | সংখ্যা | ১ | ১০ | ১২ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১০ | ১৮ | ১৮ |
| | | ৮.২) শ্রেণি কক্ষে মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনা নিশ্চিত করা। | ৮.২.১) শ্রেণিকক্ষে মাল্টিমিডিয়া ক্লাস পরিচালনা নিশ্চিত করা | ১০০% | % | ১ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | ৮.৩) সুষ্ঠুভাবে পাবলিক পরীক্ষা পরিচালনা। | ৮.৩.১) পরিচালিত পাবলিক পরীক্ষা | ২+২+২+২ =৮ | সংখ্যা | ১ | ৮ | ৮ | ৮ | ৭ | ৬ | ৫ | ৩ | ৯ | ১০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | গণনা পদ্ধতি (Calculation method) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target /Criteria Value for FY 2018-2019) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projection) ২০২২-২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| | | ৮.৪) শিক্ষা প্রতিষ্ঠানে মিড ডে মিল কর্মসূচি চালু | ৮.৪.১) পরিচালিত পাবলিক পরীক্ষা | ২+২+২+২ =৮ | সংখ্যা | ১ | ৮ | ৮ | ৮ | ৭ | ৬ | ৫ | ৩ | ৯ | ১০ |
| ০৯) তথ্য প্রযুক্তির ব্যবহার বৃদ্ধির মাধ্যমে সক্ষমতা অর্জন এবং সেবা প্রদান | ৩ | ৯.১) ইউনিয়ন তথ্যসেবা কার্যক্রম পরিদর্শন/দর্শন। | ৯.১.১) ) ইউনিয়ন তথ্যসেবা কার্যক্রম | ৩+৪+৩+৪ = ১৪ | সংখ্যা | ১ | ১০ | ৮ | ১৪ | ১৩ | ১১ | ০৯ | ০৭ | ১৮ | ১৮ |
| | | ৯.২) উপজেলা পরিষদে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের আইসিটি ব্যবহার নিশ্চিত করা। | ৭.২.১)আইসিটি বিষয়ক প্রশিক্ষণ প্রদান | ১+২+২+৩ = ৮ | সংখ্যা | ২ | ৬ | ৬ | ০৮ | ০৭ | ০৬ | ০৫ | ০৪ | ১০ | ১০ |

# আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২১ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতিমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন। | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | ৪ | ৩ | ২ | - |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | ১০ | ৮ | - |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | ১ | - |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | ১ | - |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১]অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | ১ | - |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | ১ | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | [২.১]ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | [২.২] উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | [২.২.১] নূনতম একটি উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ চালুকৃত | সংখ্যা | ২ | ১৫-২-২১ | ১৫-৩-২১- | ১৫-৪-২১ | ১৫-৫-২১ | - |
| | | [২.৩] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৩.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | [২.৩.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | ৩ | ২ | - |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | [২.৪] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৪.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদান | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | [৩.৪] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধ্বতন অফিসে প্রেরণ | [৩.৪.১] হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধ্বতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫-১২-২০ | ১৪-০১-২১ | ১৫-২-২১ | - | - |

আমি, আশেকুল হক, উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ, মৌলভীবাজার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জেলা প্রশাসক, মৌলভীবাজার এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মীর নাহিদ আহসান, জেলা প্রশাসক, মৌলভীবাজার, উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

আশেকুল হক ৩০/০৭/২০২০খ্রি.
উপজেলা নির্বাহী অফিসার
কমলগঞ্জ , মৌলভীবাজার।

মীর নাহিদ আহসান ৩০/০৭/২০২০খ্রি.
জেলা প্রশাসক
মৌলভীবাজার

## সংযোজনী-১

### শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নং | শব্দ সংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১. | উনিঅ | উপজেলা নির্বাহী অফিসার |
| ২. | সায়রাত মহাল | জলমহাল, বালুমহাল, পাথরমহাল, লবণমহাল, চিংড়িমহাল, ইত্যাদি |
| ৩. | জিআর | গ্রেটিসাস রিলিফ |
| ৪. | পিআরএল | পোষ্ট রিটায়ারমেন্ট রিভ |
| ৫. | টিআর | টেস্ট রিলিফ |
| ৬. | কাবিখা | কাজের বিনিময়ে খাদ্য |
| ৭. | ভিজিএফ | ভালনারেবল গ্রুপ ফিডিং |
| ৮. | এনজিও | নন গর্ভনমেন্ট অর্গানাইজেশন |
| ৯. | এসএফ | স্টেটম্যান্ট অব ফ্যাক্টস |
| ১০. | ভিআইপি | ভেরি ইমপরটান্ট পার্সন |
| ১১. | আইসিটি | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি |

## সংযোজনী- ২

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | **কার্যক্রম** | কর্মসম্পাদন সূচক | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | **প্রমাণকের উপাত্ত সূত্র** |
|---|---|---|---|---|---|---|
| ১ | উপজেলা মাসিক সভা অনুষ্ঠান | অনুষ্ঠিত সভা | উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | হাজিরা | সভার কার্যবিবরণী |
| ২ | উপজেলা মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | সংশ্লিষ্ট দপ্তরসমূহ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | বাস্তবায়ন অগ্রগতি | সভার কার্যবিবরণী |
| ৩ | উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম দর্শন ও পরিদর্শন | পরিদর্শনকৃত প্রকল্প | প্রমাপ অনুযায়ী | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | পরিদর্শন বহিতে লিপিবদ্ধকরণ | পরিদর্শণ প্রতিবেদন |
| ৪ | উপজেলা ৯টি ইউনিয়ন পরিষদে উন্মুক্ত বাজেট সভা | অনুষ্ঠিত সভা | নিয়মিত সভা অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | হাজিরা | সভার কার্যবিবরণী |
| ৫ | ইউনিয়ন স্ট্যান্ডিং কমিটির সভা | অনুষ্ঠিত সভা | উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | হাজিরা | সভার কার্যবিবরণী |
| ৬ | নির্ধারিত সময়ে বিভিন্ন রিপোর্ট রিটার্ন প্রেরণ | প্রেরণকৃত রিপোর্ট | জেলা প্রশাসক কর্তৃক চাহিত মাসিক রিপোর্ট রিটার্ন | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | সার্ভিস রিটার্ন (এস,আর) | জেলা থেকে প্রাপ্ত প্রতিবেদনের আলোকে। |
| ৭ | উপজেলা আইন শৃঙ্খলা কমিটির সভা | অনুষ্ঠিত সভা | উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | হাজিরা | সভার কার্যবিবরণী |
| ৮ | গ্রাম আদালতের কার্যক্রম দর্শণ ও পরিদর্শণ | অনুষ্ঠিত সভা | উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | হাজিরা | সভার কার্যবিবরণী |
| ৯ | উপজেলা জাতীয় আইনগত সহায়তা প্রদান কমিটির সভা | অনুষ্ঠিত সভা | উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | হাজিরা | সভার কার্যবিবরণী |
| ১০ | ল্যাংগুয়েজ ক্লাব পতিষ্ঠার মাধ্যমে শিক্ষকদের ইংরেজী দক্ষতা বৃদ্ধি | প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক | আয়োজিত প্রশিক্ষন | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | হাজিরা | প্রতিবেদন |
| ১১ | শিক্ষা প্রতিষ্ঠান দর্শণ ও পরিদর্শণ | পরিদর্শণকৃত শিক্ষা প্রতিষ্ঠান | প্রমাপ অনুযায়ী | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | পরিদর্শন বহিতে লিপিবদ্ধকরণ | পরিদর্শণ প্রতিবেদন |
| ১২ | শ্রেণীকক্ষে মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাশ পরিচালনা | মাল্টিমিডিয়ার মাধ্যমে ক্লাশ পরিচালনা স্কুল | অনুষ্ঠিত ক্লাশ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | অন-লাইনে আপলোডকৃত তথ্য | আপলোডকৃত তথ্য যাচাই |
| ১৩ | শিক্ষা প্রতিষ্ঠানে মিড-ডে মিল চালু | মিড-ডে মিল চালুকৃত বিদ্যালয় | মিড-ডে মিল চালুকৃত বিদ্যালয় | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | পরিদর্শণ | পরিদর্শণ প্রতিবেদন |

| ক্রমিক নম্বর | **কার্যক্রম** | কর্মসম্পাদন সূচক | কার্যক্রমের বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | **প্রমাণকের উপাত্ত সূত্র** |
|---|---|---|---|---|---|---|
| ১৪ | শিক্ষক/অভিভাবকদের সাথে মতবিনিময় সভা | অনুষ্ঠিত সভা | উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | হাজিরা | সভার কার্যবিবরণী |
| ১৫ | বাল্য বিবাহ রোধে বিভিন্ন সভা সেমিনার | বাল্য বিবাহ রোধে বিভিন্ন সভা সেমিনার | উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | হাজিরা | সভার কার্যবিবরণী |
| ১৬ | বাল্য বিবাহ রোধে ঈমাম, পুরোহিতদের নিয়েসচেতনতামূলক সভা/ সেমিনার | বাল্য বিবাহ রোধে ঈমাম, পুরোহিতদের নিয়েসচেতনতামূলক সভা/ সেমিনার | উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | হাজিরা | সভার কার্যবিবরণী |
| ১৭ | সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধে বিভিন্ন | সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধে বিভিন্ন | উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | হাজিরা | সভার কার্যবিবরণী |
| ১৮ | মাসিক ইনোভেশন সভা | মাসিক সভা | উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | হাজিরা | সভার কার্যবিবরণী |
| ১৯ | মাসিক আইসিটি সভা | মাসিক সভা | উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | হাজিরা | সভার কার্যবিবরণী |
| ২০ | মাল্টিমিডিয়া সভা | মাসিক সভা | উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | হাজিরা | সভার কার্যবিবরণী |
| ২১ | Facebook-এর মাধ্যমে জনসেবা | প্রদানকৃত সেবা | অনলাইনে প্রদানকৃত সভা | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | প্রদানকৃত সেবার বিপরীতে আদায়কৃত রাজস্ব | মাসিক প্রতিবেদনসমূহ |
| ২২ | উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনার সভা | মাসিক সভা | উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | হাজিরা | সভার কার্যবিবরণী |
| ২৩ | বৃক্ষ রোপনের মাধ্যমে পরিবেশ সংরক্ষন | মাসিক সভা | উপজেলা পর্যায়ে নিয়মিত মাসিক সভা অনুষ্ঠান | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | হাজিরা | সভার কার্যবিবরণী |
| ২৪ | উপজেলা দূর্যোগ কমিটি সম্পর্কিত সিদ্ধান্ত বাস্তবায়ন | সিদ্ধান্ত বাস্তবায়িত | সংশ্লিষ্ট দপ্তরসমূহ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, মৌলভীবাজার | বাস্তবায়ন অগ্রগতি | সভার কার্যবিবরণী |

## সংযোজনী ৩:

### অন্য দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অফিসার ইন-চার্জ, কমলগঞ্জ থানা। | মোবাইল কোর্ট পরিচালনা | পরিচালিত মোবাইল কোর্ট | মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্তে সময়মত প্রয়োজনীয় সংখ্যক পুলিশ প্রেরণ | মোবাইল কোর্ট এর তপশীলভূক্ত আইনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রসিকিউটরের সহায়তায় প্রমাপ অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা | সামাজিক অপরাধ নিয়ন্ত্রণ ও দমন কার্যক্রম ব্যহত হতে পারে। |
| উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, মৌলভীবাজার | মোবাইল কোর্ট পরিচালনা | পরিচালিত মোবাইল কোর্ট | মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্তে সময়মত প্রয়োজনীয় সংখ্যক প্রসিকিউটর প্রেরণ | মোবাইল কোর্ট এর তপশীলভূক্ত আইনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রসিকিউটরের সহায়তায় প্রমাপ অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা | সামাজিক অপরাধ নিয়ন্ত্রণ ও দমন কার্যক্রম ব্যহত হতে পারে। |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মৌলভীবাজার | মোবাইল কোর্ট পরিচালনা | পরিচালিত মোবাইল কোর্ট | মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্তে সময়মত প্রয়োজনীয় সংখ্যক প্রসিকিউটর প্রেরণ | মোবাইল কোর্ট এর তপশীলভূক্ত আইনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রসিকিউটরের সহায়তায় প্রমাপ অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা | সামাজিক অপরাধ নিয়ন্ত্রণ ও দমন কার্যক্রম ব্যহত হতে পারে। |
| বিএসটিআই, মৌলভীবাজার | মোবাইল কোর্ট পরিচালনা | পরিচালিত মোবাইল কোর্ট | মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্তে সময়মত প্রয়োজনীয় সংখ্যক প্রসিকিউটর প্রেরণ | মোবাইল কোর্ট এর তপশীলভূক্ত আইনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রসিকিউটরের সহায়তায় প্রমাপ অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা | সামাজিক অপরাধ নিয়ন্ত্রণ ও দমন কার্যক্রম ব্যহত হতে পারে। |
| সিভিল সার্জনের কার্যালয়, মৌলভীবাজার | মোবাইল কোর্ট পরিচালনা | পরিচালিত মোবাইল কোর্ট | মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্তে সময়মত প্রয়োজনীয় সংখ্যক প্রসিকিউটর প্রেরণ | মোবাইল কোর্ট এর তপশীলভূক্ত আইনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রসিকিউটরের সহায়তায় প্রমাপ অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা | সামাজিক অপরাধ নিয়ন্ত্রণ ও দমন কার্যক্রম ব্যহত হতে পারে। |
| পরিবেশ অধিদপ্তর, সিলেট | মোবাইল কোর্ট পরিচালনা | পরিচালিত মোবাইল কোর্ট | মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্তে সময়মত প্রয়োজনীয় সংখ্যক প্রসিকিউটর প্রেরণ | মোবাইল কোর্ট এর তপশীলভূক্ত আইনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রসিকিউটরের সহায়তায় প্রমাপ অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা | সামাজিক অপরাধ নিয়ন্ত্রণ ও দমন কার্যক্রম ব্যহত হতে পারে। |